

ইবিতে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে শুদ্ধাচারের ভূমিকা শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত।

তারিখঃ ১৮ মার্চ ২০২৪ ইং

ইবিতে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে শুদ্ধাচারের ভূমিকা শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত।



ইসলামী বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ভবনের সভাকক্ষে সোমবার সকালে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ২০২৩-২০২৪ এর অংশ হিসাবে “স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে শুদ্ধাচারের ভূমিকা” শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ এর অংশ হিসাবে অনুষ্ঠিত প্রশিক্ষণ কর্মশালায় প্রধান অতিথি হিসেবে কর্মশালায় বক্তব্য রাখেন ও আনুষ্ঠানিক উদ্বোধন করেন আইস-চ্যান্সেলর প্রফেসর ড. শেখ আবদুস সালাম। প্রশিক্ষণ কর্মশালায় স্বাগত বক্তব্য রাখেন রেজিস্ট্রার(ভারঃ) এইচ. এম আলী হাসান। কর্মশালায় রিসোর্স পারসন হিসাবে এবং প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠানটি পরিচালনা করেন উপ-রেজিস্ট্রার(প্রশাসন) ও এপিএ”র ফোকাল পয়েন্ট কর্মকর্তা চন্দন কুমার দাস। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের এপিএ টিমের আহবায়ক প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ মাহবুবুর রহমান। প্রশিক্ষণ কর্মশালায় ইসলামী বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অফিসের প্রায় ৬০ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।